



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ  
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ  
তারিখ : : ২৬.০৪.২০২৩

সংবাদ :  
সম্পাদকীয় :  
প্রবন্ধ/চিত্রপত্র :

## উলুধ্বনি ও শঙ্খধ্বনি প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ



সোমবার সন্ধ্যায় নগরীর দুর্গাবাড়ি মন্দিরে উলুধ্বনি ও শঙ্খধ্বনি প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য।

স্টাফ রিপোর্টার : আর্থধর্ম জ্ঞান প্রদায়িনী সভা, (ধর্মসভা), দুর্গাবাড়ি, ময়মনসিংহ কর্তৃক আয়োজিত উলুধ্বনি ও শঙ্খধ্বনি প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। গত সোমবার (২৪ এপ্রিল) সন্ধ্যায় নগরীর দুর্গাবাড়ি মন্দিরে বিভিন্ন বয়সের নারী ও পুরুষদের ভিন্ন চারটি গ্রুপের ৩২ জন বিজয়ীর মাঝে নগদ ৪০ হাজার টাকা পুরস্কার বিতরণ করা হয়। উক্ত

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন রেঞ্জ ডিআইজি দেবদাস ভট্টাচার্য্য। ধর্মসভা, দুর্গাবাড়ির সভাপতি, মুক্তিযুদ্ধের অন্যতম গবেষক প্রফেসর বিমল কান্তি দে এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শ্রী শংকর সাহার পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রামকৃষ্ণ আশ্রম ও রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ শ্রীমৎ স্বামী ভক্তপ্রদানন্দ মহারাজ, হিন্দু বৌদ্ধ

খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি এডভোকেট বিকাশ রায়, পূজা উদযাপন পরিষদের সভাপতি এডভোকেট রাখাল চন্দ্র সরকার, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের মহানগর শাখার সভাপতি এডভোকেট প্রশান্ত কুমার দাস চন্দন, পূজা উদযাপন পরিষদের মহানগর শাখার সভাপতি এডভোকেট তপন দে, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের জেলা শাখার সাধারণ সম্পাদক ডা: সুজিত বর্মন, সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক অধ্যাপক জুয়েল রায় চৌধুরী। অনুষ্ঠানের শুরুতেই গীতাপাঠ করেন কল্যাণনন্দজী মহারাজ। বিচারকের দায়িত্বে ছিলেন শ্রী প্রদীপ চক্রবর্তী, শ্রীমৎ স্বামী কল্যাণনন্দজী মহারাজ, ও শ্রী অরবিন্দ সরকার, স্বপন সরকার, মানস তালুকদার প্রমুখ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন শিপল সরকার ও বিজ সাহা রায়। সহযোগিতায় ছিলেন ধর্মসভা, দুর্গাবাড়ির সদস্যগণ।